তারিখ ২০/৯/৮০ ...
পৃষ্ঠা ... কলাম ...





বুধবার আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে আয়োজিত সেমিনারে উদ্বোধনী ভাষণ দেন প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান।

# গণশিক্ষা প্রসারে এক কোটি বই দেয়া হয়েছে ঃ শাহ আজিজ

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বলেন যে সরকার অগ্রাধিকারের ভিত্তিতে সমাজকে নিরক্ষরতার অভিশাপমুক্ত করা এবং দেশে প্রাথমিক শিক্ষা উন্নয়নের পদক্ষেপ গ্রহণ করেছেন।

তিনি বলেন যে এই লক্ষ্য সামনে রেখে দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনার অধীনে ৯০ কোটি টাকা ব্যয় করা হবে।

বাসস জানায় যে প্রধানমন্ত্রী বুধবার শিশু একাডেমী মিলনায়তনে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে শিক্ষামন্ত্রণালয় আয়োজিত এক সেমিনারে ভাষণ দিচ্ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ মোহাম্মদ সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আবদুল বাতেন, শিক্ষা সচিব কাজী ফজলুর রহমান এবং বিশিষ্ট শিক্ষাবিদ জনাব মোহাম্মদ ফেরদৌস খানও ভাষণ দেন।

শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রধানমন্ত্রী শাহ আজিজ বলেন যে সরকার দেশে গণসাক্ষরতা ও প্রাথমিক শিক্ষা উন্নয়নের জন্য একটি জরুরী কর্মসূচীর অধীনে সাত কোটি টাকা ব্যয় করেছেন। এ পর্যন্ত মোট এক কোটি বই বিতরণ করা হয়েছে এবং আরো এক কোটি বই ছাপানো হচ্ছে।

তিনি বলেন যে মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমানের অভিপ্রায় অনুযায়ী প্রত্যেক গ্রামে একটি করে অধ্যয়ন কেন্দ্র খোলা হবে এবং তাঁর প্রতিশ্রুতি অনুযায়ী প্রত্যেক গ্রামে একটি করে টেলিভিশন সেট দেয়া হবে।

গণসাক্ষরতা কর্মসূচীর অগ্রগতির উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে এক বছরে ত্রিশ লাখ লোককে ব্যবহারিক শিক্ষা দেয়া হয়েছে। এ শিক্ষা জনগণকে পত্রিক পাঠ, চিঠি লেখা ও পারিবারিক হিসাব রাখতে সক্ষম করবে।